
Economics Generic (Fourth Semester)
Development Economics
Theory of Vicious Circle of Poverty

র‍্যাগনার নার্কস স্বল্পোন্নত দেশের অনুন্নতির প্রসঙ্গে দারিদ্রের দুষ্টচক্র তত্ত্বটি প্রবর্তন করেন। নার্কস বলেছেন 'একটি দেশ দরিদ্র কারণ সে দরিদ্র'। এই অর্থনীতিবিদের মতে একটি অনুন্নত দেশের অর্থনৈতিক উপাদানগুলি পরস্পরের সাথে ক্রিয়া-প্রতিক্রিয়ার মাধ্যমে দারিদ্রের স্তর থেকে উন্নীত হতে সাহায্য করে না, ফলে এই দেশগুলি দরিদ্র থেকে যায়।

দারিদ্রের দুষ্ট-চক্রের কারণটি আমরা মূলধনের চাহিদা ও মূলধনের যোগান—এই দুই দৃষ্টিভঙ্গি থেকে আলোচনা করতে পারি। এইগুলি রেখাচিত্রের মাধ্যমে ব্যাখ্যা করা হল :-




মূলধনের যোগানের দিক দিয়ে দেখা যায় যে একটি অনুন্নত দেশের আয় খুবই কম, তাই সঞ্চয় খুব স্বল্প,

স্বল্প সঞ্চয়ের ফলে মূলধন গঠন কম হয়, তাই অর্থনীতির উৎপাদনশীলতা কমে যায় এবং তাতে পুনরায় আয় কম হয়। অপরদিকে মূলধনের চাহিদার দিকে দিয়ে দেখা যায় যে আয় কম হওয়ার জন্য বাজার ও চাহিদা কম মানে বাজার সংকীর্ণ, বাজার সংকীর্ণ হওয়ায় মূলধন বিনিয়োগ কম, ফলে উৎপাদনশীলতা কম ও আয় কম থেকে যায়।

অধ্যাপক Meier এবং অধ্যাপক Baldwin দারিদ্রের দুষ্টচক্র ধারণাটিকে একটি তৃতীয় দৃষ্টিভঙ্গী থেকে ব্যাখ্যা করেছেন। তাদের মতে বাজারের অপূর্ণতা, অনুন্নত দেশের জনসাধারণের পশ্চাদগামী মনোভাব ও অনুন্নত প্রাকৃতিক সম্পদ একটি দেশকে দারিদ্রের দুষ্টচক্রের আবর্তে নিক্ষেপ করতে পারে।

অধ্যাপক নার্কসের মতে এই দারিদ্রের দুষ্টচক্র-কে ভাঙতে হলে অনুন্নত দেশের অভ্যন্তরীণ বাজার প্রসারিত করতে হবে যা সমস্ত প্রধান প্রধান ক্ষেত্রে বিনিয়োগ বাড়ালে তবেই সম্ভব হবে।

Hirschman ও Singer মনে করে দারিদ্রের দুষ্টচক্র ভাঙতে হলে অসম উন্নয়ন কৌশল গ্রহণ করা উচিত। Rosenstein-Rodan এ প্রসঙ্গে একটি 'জোর ধাক্কা' দেওয়ার কথা বলেছেন। অন্যদিকে Leibenstein

মনে করেন 'একগুচ্ছ প্রয়োজনীয় অর্থনৈতিক প্রচেষ্টার' প্রয়োজন।

নার্কসের প্রদত্ত তত্ত্বটির কিছু সীমাবদ্ধতা :-

১। অনুন্নত দেশে শুধু মূলধনের অভাবের জন্য দারিদ্র বিরাজ করে না।

২। একটি দরিদ্র দেশের মূলধনের অভাব হেতু সমস্ত প্রধান ক্ষেত্রে একসাথে বিনিয়োগ বাড়ানো সম্ভবপর নয়।

৩। নেলসন মনে করেন স্বল্পোন্নত দেশের অনুন্নতির একটি প্রধান কারণ সেই দেশের জনসংখ্যার চাপ।

৪। ভূতপূর্ব কিছু দরিদ্র দেশের উন্নত হওয়ার প্রবণতা থেকে বোঝা যায় যে কোন দেশ দরিদ্র হলে দরিদ্রই থেকে যাবে - এই যুক্তিটি সঠিক নয়

৫। লক্ষ্য করা যায় যে স্বল্পোন্নত দেশগুলির সঞ্চয় প্রবণতা কম হয়। এই সঞ্চয় উপযুক্ত রূপে ব্যবহার না করতে পারার অক্ষমতাই পশ্চাদ-গামিতার কারণ।

তথ্যসূত্র :-

জয়দেব সরখেল, সেখ সেলিম, অনিন্দ্য ভুক্ত; অর্থনৈতিক উন্নয়ন - প্রতিষ্ঠান, তত্ত্ব ও প্রয়োগ, 2009.